



## আইএফডি'র সাথে যুক্ত হওয়ার উপায়

আপনি যদি আইএফডি'র কার্যক্রমের সাথে যুক্ত হতে চান, তাহলে আপনি আপনার আইডিয়াটি ইমেইলের মাধ্যমে আমাদেরকে জানান। এর জন্য ইমেইল করুন [ideasdf@gmail.com](mailto:ideasdf@gmail.com) এডেসটিতে। তবে যেহেতু ইমেইল যোগাযোগের ১০০% নিরাপত্তা নেই, সেহেতু আমরা আপনাকে কোন একটি মূল্যবান আইডিয়া ইমেইলে পাঠাতে নিষেধ করব। এই ক্ষেত্রে আপনি যদি আপনার প্রাথমিক আগ্রহ আমাদের কাছে ইমেইলের মাধ্যমে প্রকাশ করেন, তাহলে আমরা আপনাকে একটি পোস্টল ঠিকানা দেব, যার মাধ্যমে আপনি পরবর্তীতে আপনার আইডিয়া আমাদের কাছে পাঠাতে পারবেন।

এখানে উল্লেখ্য, আইএফডি'র কার্যক্রমের সাথে আপনাকে যুক্ত হতে হবে শুধুমাত্র স্বেচ্ছাশ্রমের ভিংগিতে। আইএফডি'র সাথে কাজ করে কোন প্রকার বেতন বা ভাতার আশা করা ঠিক নয়।

আপনি আইএফডি'র সাথে নিম্নোক্ত তিনটি উপায়ে যুক্ত হতে পারেনঃ

### ১. আইএফডি ফেলো

আপনি যদি আমাদের কাছে কোন আইডিয়া পাঠান এবং তা যদি একটি এক্সক্লুসিভ পেপার কিংবা পলিসি পেপারের জন্য মনোনীত হয়, তাহলে আপনি হবেন সেই পলিসি পেপারের লেখক এবং সেই সাথে আপনি হয়ে যাবেন একজন আইএফডি ফেলো। আপনার আইডিয়াটি যদি সম্পূর্ণ হয় এবং এতে কোন প্রকার পরিবর্তন বা পরিমার্জনের যদি কোন প্রয়োজন না থাকে, তাহলে এই পেপারটির লেখক শুধু আপনিই হবেন। আর কেউ হবে না।

তবে আপনার আইডিয়াটির যদি ব্যাপক পরিবর্তন এবং পরিমার্জনের প্রয়োজন হয়, তাহলে আপনি আরেকজনের সাথে এই পেপারটি শেয়ার করবেন। এই ক্ষেত্রে আপনি প্রথম

লেখক হবেন, নাকি দ্বিতীয় লেখক হবেন, তা নির্ভর করবে পেপারটিতে আপনার অবদানের উপর।

## ২. আইএফডি স্কলার

আপনি যদি আমাদের কাছে জাতীয় বা আন্তর্জাতিক কোন ইস্যুতে একটি আর্টিকেল পাঠান, এবং সেই আর্টিকেলটি যদি প্রকাশের জন্য মনোনীত হয়, তাহলে আপনি হয়ে যাবেন আইএফডি স্কলার। এই ক্ষেত্রে আর্টিকেলটি শুধুমাত্র আপনার নামেই প্রকাশিত হবে।

## ৩. আইএফডি রিভিয়ার

আপনি আইএফডিতে একজন দক্ষ রিভিয়ার হিসাবেও অবদান রাখতে পারেন। এই ক্ষেত্রে কোন একটি পলিসি পেপার কিংবা স্পেশাল আর্টিকেল প্রকাশ করার আগে আপনাকে দিয়ে তা রিভিউ করানো হবে। ফলে আপনি পেপারটির অনুবাদক কিংবা সম্পাদক হিসাবে নাম লেখাতে পারবেন।

## ৪. আইএফডি মেম্বার

আপনার যদি কোন প্রকার আইডিয়া না থাকে, এবং আপনি যদি আইএফডি রিভিয়ার হওয়ার মতো দক্ষ না হন, তারপরও আপনার সুযোগ রয়েছে আইএফডি'র কার্যক্রমের সাথে যুক্ত হওয়ার। আপনি যদি আইএফডি'র মিশনকে সমর্থন করেন, এবং আমাদের সাথে থেকে চুপচাপ দেখতে চান এখানে কি ঘটছে, তাহলে আপনি আইএফডি'র মেম্বার হওয়ার জন্য আবেদন করতে পারেন। এর জন্য আপনার বিস্তারিত জানিয়ে আমাদেরকে ইমেইল করুন [ideasfd@gmail.com](mailto:ideasfd@gmail.com) এডেসটিতে<sup>১</sup>।

এখানে উল্লেখ্য, আইএফডি ফেলো কিংবা আইএফডি স্কলার হওয়ার জন্য আপনার কোন উচ্চ ডিগ্রী থাকার প্রয়োজন নেই। আপনার শুধু প্রয়োজন উত্তাবনী শক্তি, এবং অন্যদের চেয়ে আলাদা চিন্তা করার দক্ষতা। তবে আইএফডি রিভিয়ার হওয়ার জন্য বিষয়টির উপর আপনার পেশাগত দক্ষতা থাকার প্রয়োজন রয়েছে।

<sup>১</sup> মেধারশিপের এই পরামর্শটি দেয়ার জন্য বাংলাদেশের মি. মো. মিজানুর রহমানকে ধন্যবাদ।